সিসিক কাউন্সিলার তৌফিকুল হাদী করোনা পজিটিভ: দোয়া কামনা

নিজস্ব প্রতিবেদক: সিলেট সিটি কর্পোরেশনের ১নং ওয়ার্ডের বার বার নির্বাচিত জননন্দিত কাউন্সিলার সৈয়দ তৌফিকুল ইসলাম হাদী করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন। বুধবার প্রকাশিত রিপোর্টে তাঁর করোনা পজিটিভ এসেছে। তিনি কয়েকদিন থেকে অসুস্থতায় ভুগছিলেন। শেষ পর্যন্ত নগরীর একটি পিসিআর ল্যাবে করোনা পরীক্ষার জন্য নমুনা প্রেরণ করলে বুধবার রিপোর্টে করোনা পজিটিভ আসে। তথ্যটি নিশ্চিত করেছেন কাউন্সিলার হাদীর ঘনিষ্টজন ও সিলেট মহানগর বিএনপির সদস্য মাহবুব আহমদ চৌধুরী।
বর্তমানে কাউন্সিলার সৈয়দ তৌফিকুল হাদী চিকিৎসকের পরামর্শে হোম আইলোশনে থেকে চিকিৎসা সেবা গ্রহণ করছেন। তার বর্তমান শারিরিক অবস্থা স্থিতিশীল রয়েছে। অসুস্থতার জন্য তিনি অনেকের সাথে যোগাযোগ এবং ফোন রিসিভ করা থেকে বিরত রয়েছেন। এজন্য কেউ মনোকষ্ট নেয়া থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন কাউন্সিলার হাদী।
তাঁর সুস্থতার জন্য ১নং ওয়ার্ড সহ সর্বস্তরের সিলেটবাসী এবং বিএনপির দলীয় নেতাকর্মীর কাছে দোয়া চেয়েছেন কাউন্সিলার ও মহানগর বিএনপির সাংগঠনিক সম্পাদক সৈয়দ তৌফিকুল ইসলাম হাদী।